

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ অধিশাখা
www.rthd.govd.bd


প্রজ্ঞাপন

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/০১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-২০৮।- সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ডিজেলের মূল্য হ্রাস ও বর্তমান পরিচালনা ব্যয়জনিত কারণে ডিজেল চালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করল:

- (ক) আন্তঃজেলা ও দূরপাল্লার রুটে চলাচলকারী বাস ও মিনিবাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রি প্রতি কিলোমিটার সর্বোচ্চ ভাড়া ২.১৫ টাকার স্থলে ২.১২ টাকা নির্ধারণ করা হলো;
 - (খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস এর ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রি প্রতি কিলোমিটার ভাড়া ২.৪৫ টাকার স্থলে ২.৪২ টাকা নির্ধারণ করা হলো;
 - (গ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী মিনিবাস এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত যাত্রি প্রতি কিলোমিটার ভাড়া ২.৩৫ টাকার স্থলে ২.৩২ টাকা নির্ধারণ করা হলো;
 - (ঘ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলকারী বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়া যথাক্রমে ১০.০০ টাকা এবং ৮.০০ টাকা পূর্বের ন্যায় বহাল থাকবে; এবং
 - (ঙ) আরামদায়ক ভ্রমণের জন্য বিআরটিএ কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে বাস/মিনিবাসের আসন সংখ্যা পুনর্বিন্যাস করা হলে উপরিউক্ত অনুচ্ছেদ-ক অনুযায়ী নির্ধারিত ভাড়া আনুপাতিকভাবে পুনঃনির্ধারিত করতে হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ)/যাত্রী ও পণ্য পরিবহন কমিটি হতে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে।
- ২। এ ভাড়ার হার গ্যাস চালিত বাস/মিনিবাসের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
 - ৩। ডিজেল চালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতিপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা রহিত করা হলো।
 - ৪। এ ভাড়ার হার প্রতিটি বাস ও মিনিবাসের দৃশ্যমান স্থানে আবশ্যিকভাবে টাঙ্গিয়ে রাখতে হবে।
 - ৫। জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার ২ এপ্রিল ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ মনিরুল আলম) ০১/০৪/২০২৪
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)
সহকারী পরিচালক(ইঞ্জিঃ) এর কার্যালয়
পাবনা সার্কেল, পাবনা।

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৪৯.০১.০২১.০১-২২৯

তারিখঃ ০২/০৪/২০২৪খ্রিঃ

বিষয় : ডিজেল চালিত বাস/মিনিবাসের ভাড়া পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

সূত্র : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ অধিশাখার স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-২০৮, তারিখঃ ০১/০৪/২০২৪খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিজেলের মূল্য কমার প্রেক্ষিতে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বাস/মিনিবাসের পূর্বের ভাড়া প্রতি কিলোমিটার ২.১৫ টাকার পরিবর্তে প্রতি কি.মি. ০.০৩ টাকা কমিয়ে প্রতি কি.মি. ২.১২ টাকা পুনরায় নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি হয়েছে (কপি সংযুক্ত)। সে অনুযায়ী পাবনা হতে বিভিন্ন রুটে নতুন ভাড়ার তালিকা নিম্নে ছক আকারে দেওয়া হলোঃ

ক্র নং	রুটের নাম	সওজ হতে প্রাপ্ত দূরত্ব (কি.মি.)	বাস ও মিনিবাসের ভাড়া (টাকা) প্রতি কি.মি. ২.১২ টাকা হিসেবে
০১	পাবনা-আতাইকুলা	২০ কিঃ মিঃ	৪২.৪০ টাকা
০২	পাবনা-মাধপুর	২৪ কিঃ মিঃ	৫০.৮৮ টাকা
০৩	পাবনা-বনগ্রাম	২৯ কিঃ মিঃ	৬১.৪৮ টাকা
০৪	পাবনা-চিনাখড়া	৩৪ কিঃ মিঃ	৭২.০৮ টাকা
০৫	পাবনা-দুলাই	৩৮ কিঃ মিঃ	৮০.৫৬ টাকা
০৬	পাবনা-কাশিনাথপুর	৪৫ কিঃ মিঃ	৯৫.৪০ টাকা
০৭	পাবনা-বেড়া	৬১ কিঃ মিঃ	১২৯.৩২ টাকা
০৮	পাবনা-শাহজাদপুর	৭৩ কিঃ মিঃ	১৫৪.৭৬ টাকা
০৯	পাবনা-সিরাজগঞ্জ	১১৮ কিঃ মিঃ	২৫০.১৬ টাকা
১০	পাবনা-নাটোর	৬৪ কিঃ মিঃ	১৩৫.৬৮ টাকা
১১	পাবনা-কুষ্টিয়া	৬০ কিঃ মিঃ	১২৭.২০ টাকা
১২	পাবনা-ঈশ্বরদী	২৭ কিঃ মিঃ	৫৭.২৪ টাকা
১৩	পাবনা-সুজানগর	২২ কিঃ মিঃ	৪৬.৬৪ টাকা
১৪	পাবনা-ফরিদপুর	৪০ কিঃ মিঃ	৮৪.৮০ টাকা
১৫	পাবনা-ভাঙ্গুরা	৩৯ কিঃ মিঃ	৮২.৬৮ টাকা
১৬	পাবনা-কাজিরহাট	৫৫ কিঃ মিঃ	১১৬.৬০ টাকা

এক্ষেত্রে ভাড়া গ্যাস, অকটেন ও পেট্রোল চালিত যানবাহনের ক্ষেত্রে প্রজ্ঞাপ্য হবে না।

উক্ত সরকারী নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্তে সদয় অবগতি ও যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (০১) সভাপতি/সাধারণ সম্পাদক, পাবনা জেলা মোটর মালিক গ্রুপ।
(০২) সভাপতি/সাধারণ সম্পাদক, বাস/মিনিবাস মালিক সমিতি।

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে)

০১। জেলা প্রশাসক, পাবনা।

০২। পুলিশ সুপার, পাবনা।

০৩। পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৪। অফিস কপি।

মোঃ আব্দুল হালিম
সহকারী পরিচালক(ইঞ্জিঃ)
বিআরটিএ, পাবনা।

০২/০৪/২০২৪